মেহেরপুরে বারাদি বাজার কমিটির উদ্যোগে ব্যবসায়ীদের মাঝে ত্রাণ বিতরণ

মেহেরপুর সদরের বারাদি বাজার কমিটির উদ্যোগে নিম্নআয়ের কর্মহীন ব্যবসায়ীদের গতকাল সকাল ১০ সময় ত্রাণ বিতরণ করা হয়েছে।
করোনা আতঙ্ককে কেন্দ্র করে সরকারি বা প্রশাসনের নির্দেশ অনুযায়ী সকল প্রকার ব্যবসা প্রতিষ্ঠান বন্ধ রাখার ঘোষণায় বাজার কমিটির নির্দেশে দোকানপাট বন্ধ রাখা হয়েছে।
এতে কর্মহীন হয়ে পড়েছে নিম্নআয়ের ব্যবসায়ীরা ফলে দারিদ্রতা ও এখন তাদের দোরগোড়ায়। দরিদ্র নিম্নআয়ের এই সকল ব্যবসায়ীদের পাশে দাঁড়িয়েছেন বারাদি বাজার কমিটি ।
চাল ডাল আলু পিয়াজ এইসব নিত্য প্রয়োজনীয় সামগ্রী পৌঁছে দিয়েছেন দোকানে দোকানে ।
বাজার কমিটির সাধারণ সম্পাদক সাজ্জাদুর রহমান বলেন, আমাদের মত এইভাবে সমাজের বিত্তবানরা এগিয়ে আসলে এই দুঃসময়ে মানুষের কষ্টটা কিছুটা হলেও লাঘব হবে। ত্রাণ বিতরণকালে উপস্থিত ছিলেন বারাদি বাজার কমিটির সভাপতি লিয়াকত আলী সরদার, সাধারণ সম্পাদক সাজ্জাদুর রহমান, আব্দুল মাবুদ, মহরম, ছমির, গোলাম মর্তুজা, আনিসুর রহমান সহ বাজারে অন্যান্য সদস্যবৃন্দ।

ঐতিহাসিক মুজিবনগর দিবস উপলক্ষে মুজিবনগরে ধোয়া মোছার কাজ চলছে

১৭ এপ্রিল ঐতিহাসিক মুজিবনগর দিবস পালন উপলক্ষে মুজিবনগরে শুরু হয়েছে ধোয়া মোছার কাজ।

বৃহস্প্রতিবার সকালে মুজিবনগর দিবস উপলক্ষে মেহেরপুর ফায়ার সার্ভিসের একটি টিম মুজিবনগর সৃতিসৌধে ধোয়া মোছার কাজ করেন। এবং মুজিবনগরের চারপাশ বর্নিল সাজে সাজানো হয়।

এ সময় মুজিবনগর উপজেলা নির্বাহী অফিসার উসমান গনী সেখানে উপস্থিত ছিলেন।

তবে অন্য বারের মত জনসমাগম করে জাকজমক ভাবে পালিত না হলেও করোনা প্রকোটে সল্প পরিসরে পালিত হবে ঐতিহাসিক মুজিবনগর দিবস।

এদিকে বাইরের জেলার লোকসহ বেশি জনগন মুজিবনগরের ভিতর প্রবেশ না করতে পারে সে লক্ষে মুজিবনগরের দুইটি গেটে থাকবে নিরাপত্তা বাহিনির সদস্যরা।

ত্রাণ দেওয়ার নামে দরিদ্র অসহায় মানুষের সাথে প্রতারণা করলেন ইবি প্রশাসন

ত্রাণ দেওয়ার নামে দরিদ্র অসহায় মানুষের সাথে প্রতারণা করলেন কুষ্টিয়া ইসলামী বিশ্ববিদ্যালয়ের (ইবি) প্রশাসন।

জানা যায়, ক্যাম্পাসে থাকা বিভিন্ন ভ্যানচালক, বাদাম বিক্রেতা, শসা বিক্রেতা, ঝালমুড়ি, ফুচকা চটপটি বিক্রেতাসহ কর্মহীন হয়ে পড়া মানুষদের খাদ্য সামগ্রী বিতরণ করবে বলে সারাদিন বসিয়ে রেখে ও খালি হাতে ফিরিয়ে দিয়েছে বিশ্ববিদ্যালয় প্রশাসন।

সবাইকে সামাজিক দূরত্ব বজায় না রেখে গাদাগাদি করে এমন খাদ্য সামগ্রী বিতরণের আয়োজনকে নেতিবাচক হিসেবে দেখছে অনেকেই।
গতকাল বুধবার সকাল ৮টা থেকে দুপুর একটা পর্যন্ত দাঁড় করিয়ে রেখে সব মানুষদের খাদ্য সামগ্রী বিতরণ না করায় ক্ষুব্ধ হয়ে উঠেছে তারা।
তারা ক্ষোভ প্রকাশ করে বলেন, খাদ্যসামগ্রী না দিয়ে সারাদিন দাঁড় করিয়ে রাখার কোন মানে হয় না। আমরা গরীব অসহায় বলে আমাদের এভাবে দাঁড়িয়ে রাখাটা যেন তাদের কাছে আমাদের কাছে মানুষ বলে গণ্য করে না।

ঝালমুড়ি বিক্রেতা তাহাজ্জদ আলী, ডাব বিক্রেতা সোহেল মিয়া, শরবত

বিক্রেতা মাজিদুলসহ আরও কয়েকজন জানান, আমাদের সকাল আটটার সময় ডেকে এনে দুপুর একটা পর্যন্ত কেউ কিছু খাদ্যসামগ্রী না দিয়ে আমাদের ফিরিয়ে দিয়েছে। আমরা খুব কষ্ট পেয়েছি।

এদিকে অসহায় দরিদ্র দিনমজুরিদের মাঝে খাদ্য সামগ্রী বিতরণ হবে এমন খবর পেয়ে ক্যাম্পাসের আশপাশ এলাকার আরো কয়েকশ দরিদ্র ব্যক্তির বিশ্ববিদ্যালয়ের প্রধান ফটকে ভিড় করে। তবে তাদের ভেতরে প্রবেশ করতে না দেওয়ায় তারা খাদ্য সামগ্রী পাওয়ার জন্য ক্ষোভ প্রকাশ করে। পরে বিশ্ববিদ্যালয়ের প্রশাসনের নির্দেশে তাদেরকে সেখান থেকে ফিরিয়ে দেওয়া হয়।

এসব বিষয় নিয়ে বিশ্ববিদ্যালয়ের প্রক্টর প্রফেসর পরেশ বর্মন এর সাথে কথা হলে তিনি জানান, বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ কোন খাদ্য সামগ্রী বিতরণ করছে না। তবে বিভিন্ন গ্রুপ খাদ্য সামগ্রী বিতরণ না করে অর্থ সহায়তা দেওয়ার জন্য তালিকা করছিল। তাই বিশ্ববিদ্যালয়ে কেউ হাজির না হলেও তাদেরকে বাড়িতে বাড়িতে অথবা বিকাশ একাউন্টে অর্থ সহায়তা প্রদান করা হবে বলেও জানান তিনি।

বিশ্ববিদ্যালয়ের প্রধান ফটকে এত লোক সমাগম কেন জানতে চাইলে তিনি বলেন, আমি নিজেও বিশ্ববিদ্যালয়ের প্রধান ফটকে ঢুকতে গিয়ে দেখেছি অনেক লোকজন ত্রাণ নিতে এসেছে। কিন্তু বিশ্ববিদ্যালয় প্রশাসন কোনো ত্রাণ বিতরণ করছে না মর্মে তাদেরকে সেখান থেকে সরিয়ে দিয়েছি।

জরুরি হটলাইনে কুপ্রস্তাবের অভিযোগে কুষ্টিয়া থেকে কিশোর আটক

আইইডিসিআরসহ দেশের বিভিন্ন সেবা প্রদানকারী হটলাইন নম্বরে বারবার কল করে অশালীন ও কুপ্রস্তাব দেওয়ার অভিযোগে সাইবার পুলিশের সহযোগিতায় ১৩ বছরের এক কিশোরকে আটক করেছে পুলিশ।

গত মঙ্গলবার সকালে কুষ্টিয়া জেলা পুলিশ তাকে আটক করে।

পুলিশের অপরাধ তদন্ত বিভাগের অতিরিক্ত পুলিশ সুপার খায়রুল আলম জানান, বিশ্বব্যাপী মহামারি আকার ধারণ করা করোনা সম্পর্কে সর্বশেষ তথ্য-পরামর্শ এবং সময়োপযোগী সেবা দেওয়ার উদ্দেশ্যে চালু করা হয় বেশকিছু হটলাইন নম্বর। এসব হটলাইনে টেলিযোগাযোগের মাধ্যমে পরামর্শ এবং তথ্য সেবা দিয়ে থাকেন চিকিৎসক ও স্বাস্থ্যকর্মীরা। তারা করোনা সংক্রান্ত বিষয়ে সহায়তা দেওয়ার জন্য দায়িত্ব পালন করলেও অনেক কলারই অপ্রাসঙ্গিক বিষয়ে প্রশ্ন করছেন। বিশেষ করে হটলাইনে কোনও নারীকণ্ঠ শুনলেই কোনও কোনও কলার অশ্লীল কথা বলেন ও কুরুচিপূর্ণ মন্তব্য করেন।

কুষ্টিয়ায় আটক কিশোর আইইডিসিআর, স্বাস্থ্য বাতায়ন, জাতীয় তথ্য সেবা বাতায়নসহ বিভিন্ন সেবা প্রদানকারী টোল ফ্রি হটলাইন নম্বরে কল করে ও বার্তা পাঠিয়ে নারীকর্মীদের কুপ্রস্তাব দেয়। আটক কিশোর কোনও কোনও হটলাইন নম্বরে শতাধিকবার কল দেয়।
সিআইডির অতিরিক্ত পুলিশ সুপার খায়রুল আলম বলেন, ‘কিশোরের ব্যবহৃত মোবাইল নম্বরটি তার বাবার নামে রেজিস্ট্রেশন করা। অল্প বয়সী ছেলেকে মোবাইল কিনে দিলেও মোবাইল ফোন কী কাজে ব্যবহার হচ্ছে, খোঁজ রাখেননি বাবা। এ বিষয়ে কুষ্টিয়া জেলা পুলিশ কিশোরের বাবাকেও জিজ্ঞাসাবাদ করছে।’

সিআইডির এই কর্মকর্তা জানান, এসব অবাঞ্ছিত কলের কারণে অহেতুক জরুরি এসব নম্বর ব্যস্ত থাকে। এর ফলে আসলেই যার তথ্য বা সেবা দরকার, তিনি সঠিক সময়ে সেবাটি পাচ্ছেন না। মার্চের প্রথম থেকেই করোনা সংক্রান্ত গুজব প্রতিরোধসহ দেশের জনগণ যাতে কাঙ্ক্ষিত সেবা পায় এ বিষয়ে সিআইডির সাইবার পুলিশ কাজ করে আসছে। রাজধানীর বনানী থানার একটি মামলার পরিপ্রেক্ষিতে সিআইডির সাইবার পুলিশ সেন্টার কুষ্টিয়া জেলা পুলিশকে অপরাধীর অবস্থান সম্পর্কে ধারণা দেয়।

কুষ্টিয়া জেলা পুলিশের একটি দল কুষ্টিয়া পৌরসভার ফুলবাড়িয়া এলাকা থেকে ১৪ এপ্রিল সকালে এই কিশোর অপরাধীকে আটক করে। জিজ্ঞাসাবাদে আটক কিশোর প্রতিনিয়ত হটলাইনে নারীকর্মীদের হয়রানিসহ অশ্লীল কথা ও বার্তা পাঠানোর বিষয়টি স্বীকার করে।

[redacted]

[redacted]

মুজিবনগর দিবসে সংক্ষিপ্ত কর্মসূচি

করোনা ভাইরাস সংক্রমণ প্রতিরোধে ঐতিহাসিক মুজিবনগর দিবসের কর্মসূচি সংক্ষিপ্ত করা হয়েছে।

সংক্ষিপ্ত কর্মসূচির মধ্যে রয়েছে সূর্যোদয়ের সাথে সাথে ৩১ বার তোপধ্বনি, স্মৃতিসোধে পুষ্পস্তবক অর্পণ, জাতীয় পতাকা উত্তোলন ও তিন উপজেলায় তিনটি তোরণ নির্মাণ।

গত ১৩ এপ্রিল মুক্তিযোদ্ধা মন্ত্রণালয়ের আদেশ অনুযায়ী এ সিদ্ধান্ত নেওয়া হয়।

১৪ এপ্রিল মেহেরপুর জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে এ সংক্রান্ত প্রস্তুতি সভায় এই সিদ্ধান্ত নেওয়া হয়। জেলা প্রশাসক আতাউল গনি মেহেরপুর প্রতিদিনকে একটি পত্রের মাধ্যমে বিষয়টি নিশ্চিত করেন।

কর্মসূচিতে মুক্তি যোদ্ধার মন্ত্রণালয়, জন প্রশাসন প্রতিমন্ত্রী ফরহাদ হোসেন ও জেলা প্রশাসনের পক্ষে৷ পুষ্পস্তবক অর্পণ করবেন জেলা প্রশাসক আতাউল গনি।

মেহেরপুর জেলা পুলিশ, বাংলাদেশ আওয়ামী লীগ ও অন্যান্য সংগঠন, বীর মুক্তিযোদ্ধা, অন্যান্য দপ্তর সুবিধাজনক সময়ে পুষ্পস্তবক অর্পণ করবেন।

তিন উপজেলার নির্বাহী কর্মকর্তা, নেজারত ডেপুটি কালেক্টর তোরণ নির্মাণের দায়িত্বে থাকবেন।

উল্লেখ্য, স্বাধীনতা যুদ্ধের সুতিকাগার প্রথম বাংলাদেশ সরকারের শপথ অনুষ্ঠিত হয় ১৭ই এপ্রিল এই মুজিবনগরে।

এই সরকারের নেতৃত্বে দীর্ঘ ৯ মাস যুদ্ধের পর পাকিস্তানি হানাদার বাহিনীকে পরাজিত করা হয়।

এর পর থেকে মুক্তিযুদ্ধ মন্ত্রণালয় ও মেহেরপুর জেলা প্রশাসনের যৌথ উদ্যোগে প্রতি বছর এই দিনটিকে যথাযোগ্য মর্যাদায় পালন করা হয়।

মুজিবনগর দিবসকে ঘিরে জন সমাবেশ ও সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়।

কিন্তু মেহেরপুর সহ সারা দেশে করোনা আতঙ্কে অন্যান্য কর্মসূচি বাতিল ঘোষনা করেছে মুক্তিযুদ্ধ মন্ত্রণালয়।

মেপ্র/এমএফআর

সকাল না হতেই কাল বৈশাখীর হানা

আজ বুধবার বৈশাখের দ্বিতীয় দিনে মেহেরপুরসহ বিভিন্ন জায়গায় কালবৈশাখী ঝড়সহ বৃষ্টি নামে।

আজ সকাল থেকে কালো মেঘে ঢেকে যায় আকাশ। এরপরেই শুরু হয় ঝড়, সঙ্গে বৃষ্টি।

এদিকে ঝড়বৃষ্টিতে গোটা এলাকায় বিদ্যুৎ সংযোগ বিচ্ছিন্ন হয়ে পড়ে। বৈশাখের তপ্ত গরম বাতাস নিমিষেই শীতল হয়ে যায়।

ঝড়ে প্রকৃতিতে ধুলো ময়লা কমেছে ঠিকই। কিন্তু আমের গুটির ব্যাপক ক্ষতিসাধন হবে।

মেপ্র/এমএফআর

গাংনীর পূর্বমালসাদহ গ্রামে গৃহবধুকে কুপিয়ে হত্যা:

স্বামী আহত

মেহেরপুরের গাংনী পৌর এলাকার পূর্বমালসাদহ গ্রামে চম্পা খাতুন
(২০) নামের এক গৃহবধুকে কুপিয়ে হত্যা করেছে দৃর্বৃত্তরা। এসময় তার স্বামী জুয়েল রানাকেও (৩০) কুপিয়ে আহত করা হয়েছে।

এক পুত্র সন্তানের জননী নিহত চম্পা পূর্বমালসাদহ গ্রামের ইটভাটা শ্রমিক জুয়েল রানার স্ত্রী।

মঙ্গলবার দিবাগত মধ্যেরাতে নিজ বাড়িতে হত্যাকান্ডের ঘটনা ঘটে।

স্থানীয়রা জানান মঙ্গলবার দিবাগত মধ্যেরাতে জুয়েল রানার বাড়ি থেকে চিৎকারের শব্দ পেয়ে প্রতিবেশীরা দৌড়ি এগিয়ে গিয়ে বাড়ির আঙ্গিনায় চম্পার লাশ পড়ে থাকতে দেখে । এসময় বাড়ির অদূরে স্বামী জুয়েলকে আহত অবস্থায় পড়ে থাকতে দেখে। পরে তাকে গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ভর্তি করেন।

আহত জুয়েল রানা জানান, রাতে আমার স্ত্রী বাথরুমে যেতে চাইলে আমরা স্বামী-স্ত্রী ঘরের বাইরে যায়। ওত পেতে থাকা একদল সন্ত্রাসীরা আমাদের উপর হামলা করে ও তাৎক্ষনিকভাবে চাঁদার দাবি করে। চাঁদার দাবি পূরণ না করায় তারা স্ত্রীকে শ্বাসরোধে ও কুপিয়ে হত্যা করে। আমি ঠেকাতে গেলে,সন্ত্রাসী আমাকে কুপিয়ে আহত করে। এসময় প্রাণ বাঁচাতে আমি চিৎকার করলে,প্রতিবেশীরা এসে উদ্ধার করে।

গাংনী থানার ওসি ওবাইদুর রহমান জানান, লাশ উদ্ধার করা হয়েছে। আজ বুধবার লাশের ময়না তদন্তের জন্য মেহেরপুর জেনারেল হাসপাতাল মর্গে নেয়া হবে। কে বা কাহারা হত্যা করেছে তা খতিয়ে দেখা হচ্ছে।

অসুস্থ বাবাকে দেখা হলোনা হালিমার…

অসুস্থ বাবাকে দেখতে যেতে মেহেরপুর সদর উপজেলার মহাজনপুর সড়কের কোলা গ্রামে মোটরসাইকেল-ইজিবাইকের মুখোমুখি সংঘর্ষে প্রাণ

হারালো হালিমা খাতুন (৩০) নামের এক মহিলা।

বুধবার সকাল ৮টার দিকে কোলা গ্রামের ফাতেমা নার্সারির সামনে এ দুর্ঘটনা ঘটে। এ ঘটনায় নিহত হালিমা স্বামী ইজারুল ইসলাম গুরতর জখম হয়েছেন।

স্থানীয়রা জানান, মুজিবনগর উপজেলার যতারপুর গ্রাম থেকে ইজারুল ইসলাম ও তার স্ত্রী হালিমা খাতুন কে নিয়ে মোটরসাইকেল যোগে অসুস্থ শ্বশুর কে দেখতে সদর উপজেলার রাইপুরে যাচ্ছিলেন। অপরদিক থেকে একটি একটি ইজিবাইক কোমরপুরে যাচ্ছিল। কোলা গ্রামের ফাতেমা নার্সারির সামনে গেলে নিয়ন্ত্রণ হারিয়ে মোটরসাইকেলের সাথে ইজিবাইকের মুখোমুখি সংঘর্ষ হয়। এতে ঘটনাস্থলেই হালিমা খাতুনের মৃত্যু হয়। ইজারুলের ইসলামের একটি হাত ভেঙে যাওয়া সহ শরীরের বিভিন্ন স্থানে জখম হয়েছে।

খবর পেয়ে মেহেরপুর সদর থানা পুলিশ ও মেহেরপুর ফায়ার সার্ভিসের পৃথক দুটি দল ঘটনাস্থলে পৌছে লাশ উদ্ধার করে ময়নাতদন্তের জন্য মেহেরপুর মর্গে পাঠিয়েছে।

চুয়াডাঙ্গার তিতুদহের স্কুলছাত্রীকে ধর্ষণ, মামলা করায় ধর্ষীতার পরিবারকে হুমকি

চুয়াডাঙ্গার তিতুদহের আড়িয়া গ্রামের চকপাড়ায় বিয়ের প্রলোভন দেখিয়ে স্কুলছাত্রী নাবালিকাকে ধর্ষণের অভিযোগ উঠেছে প্রভাবশালী ঘরের ছেলে তন্ময়ের বিরুদ্ধে। ধর্ষণ এবং তাদের মধ্যকার অন্তরঙ্গ অশ্লীল কোথপোকথন মোবাইলে ভাইরাল করে দিয়েছে তন্ময়।

এঘটনায় নাবালিকার পিতা বাদি হয়ে অভিযুক্ত তন্ময় ও তার পিতার বিরুদ্ধে মামলা দায়ের করেছেন। তবে পুলিশ ঘটনার সাথে জড়িত কাউকে এখন পর্যন্ত গ্রেফতার করতে পারেনি। এদিকে মামলা করায় ধর্ষীতার পরিবারকে নানাভাবে হুমকি ধামকি অব্যাহত রেখেছে ধর্ষকের

সাঙ্গপাঙ্গরা।

জানাগেছে, চুয়াডাঙ্গা সদর উপজেলার তিতুদহ ইউনিয়নের আড়িয়া গ্রামের চকপাড়ার হতদরিদ্র পরিবারের এক নাবালিকা মেয়ের সাথে প্রেমের সম্পর্ক গড়ে তোলে একই পাড়ার প্রভাবশালী মুকুল হোসেনের ছেলে শাহিন আরেফিন তন্ময়।

নাবালিকা মেয়ে অভিযোগ করে বলেন, প্রেমের একপর্যায় তন্ময় বিয়ের মিথ্যা প্রতিশ্রুতিতে ডেকে নিয়ে তার দেহভোগ করে। প্রথম দিনের ঘটনার পর থেকে তন্ময়ের সাথে মোবাইলে নিয়মিত অন্তরঙ্গ কথাবার্তা চলতে থাকে। আমি বুঝতে পারেনি আমাদের মধ্যকার কথাবার্তা তন্ময় তার মোবাইলে রেকডিং করে রাখে। প্রথম দিনের ঘটনার পর থেকে সে এসব নেটে ছেড়ে দেবার ভয় দেখিয়ে তার কথামত চলতে বলে। আমি তন্ময়ের কথায় ভয় পেয়ে তার কথামত চলতে থাকি। আমার সাথে সম্পর্কের অবনতি দেখা দিলে তন্ময় তার মোবাইলে ধারণকৃত কথোপোকথন সাপ্তকানিক আগে বিভিন্ন জনের মোবাইলে ছেড়ে দেয়।

মেয়ের পিতা ছেলের এহনো কর্মকাণ্ডের বিষয়টি মুকুল হোসেনকে জানালে উল্ট ছেলের অপরাধ ঢেকে মেয়ের কুৎসা রটাতে থাকে। মেয়ের সর্বনাশের বিষয়টি জানতে পেরে হতদরিদ্র পিতা দিশেহারা হয়ে পড়ে এবং বিচার চেয় গ্রাম্যমাতব্বরদের দ্বারে দ্বারে ধর্ণদিতে থাকে।

শেষমেশ উপায়অন্ত না পেয়ে বুধবার মেয়ের পিতা অভিযুক্ত তন্ময়ের বিরুদ্ধে ধর্ষন ও অপরাধীকে সার্বিক ভাবে সহযোগিতা করার অপরাধে মুকল হোসেনকে আসামী করে দর্শনা থানায় মামলা দায়ের করেছেন। মামলা দায়েরের ৪ দিন অতিবাহিত হলেও পুলিশ এখনও কাউকে গ্রেফতার করতে পারেনি।

এদিকে মামলার তদন্তকারি কর্মকর্তা দর্শনা থানার তদন্ত ওসি মাহাবুর রহমান বলেন, আসামীদের গ্রেফতারে সর্বাত্নক চেষ্টা চালানো হচ্ছে। গ্রামসূত্রে জানাগেছে, অভিযুক্ত তন্ময়ের পিতা গ্রামের প্রভাবশালী ব্যাক্তি হওয়ায় তার বিরুদ্ধে কেউ মুখখুলতে সাহস পাচ্ছে না। এমন কি মেয়ের পরিবারকে নানাভাবে হুমকি ধামকি অব্যাহত রেখেছে।